



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৪-২০১৫/৩৮-৩৯

তারিখ: ০৭/০৫/২০১৭

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ইতঃপূর্বে যে সকল প্রার্থী প্রাথমিক আবেদন করতে সক্ষম হয়নি তাদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ইতঃপূর্বে যে সকল প্রার্থী প্রাথমিক আবেদন করতে সক্ষম হয়নি সে সকল প্রার্থী ০৮ মে বিকাল ৪টা থেকে ১৩ মে ২০১৭ তারিখ রাত ১২টা পর্যন্ত অনলাইনে প্রাথমিক আবেদন করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে ১৪ মে ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক এ ধরনের প্রার্থীদের প্রাথমিক আবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে অবশ্যই অনলাইনে নিশ্চয়ন করতে হবে।

এ সকল নতুন আবেদনকারীদের প্রাথমিক আবেদনের ভিত্তিতে কোন মেধা তালিকা প্রকাশ করা হবে না। মেধা তালিকায় স্থান পেতে তাদের অবশ্যই পরবর্তীতে রিলিজ স্লিপের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক এ ধরনের প্রার্থীদের প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন না করা হলে তারা রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে পারবে না। রিলিজ স্লিপের অনলাইন আবেদনের সময়সূচি পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) মাধ্যমে জানানো হবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Masters Tab থেকে Masters (Regular) Applicant Login অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে।	০৮/০৫/২০১৭ থেকে ১৩/০৫/২০১৭
২।	সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ প্রার্থীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ফরম জমা দিতে হবে।	০৯/০৫/২০১৭ থেকে ১৪/০৫/২০১৭
৩।	কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন নিশ্চয়নের তারিখ	০৯/০৫/২০১৭ থেকে ১৫/০৫/২০১৭
৪।	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ কলেজ কর্তৃপক্ষকে প্রার্থীদের ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি প্রার্থী থেকে ২০০/- (দুইশত) টাকা হারে] সোনালী সেবার মাধ্যমে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের “ভর্তি ফি” খাতের সম্বন্ধী হিসাব নম্বর- 021810003245 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।	১৬/০৫/২০১৭ থেকে ১৮/০৫/২০১৭

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাম্মেরা খানম)

ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র (চলতি দায়িত্ব)

ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯

ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৪-২০১৫/৩৮-৩৯

তারিখ: ০৭/০৫/২০১৭

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪